

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাশক্তি প্রেরণ কেন্দ্র  
বাংলাদেশ বেতার, ধামরাই, ঢাকা।

নং- ১৫.৫৩.২৬১৪.৩০২.৫৭.০০২.১৬- ১০২১


তারিখঃ ১৫-০৫-২০১৮খ্রি:

নিলাম বিজ্ঞপ্তি

সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহাশক্তি প্রেরণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ধামরাই, ঢাকা কেন্দ্রের অভ্যন্তরে রক্ষিত মেরামত অযোগ্য ৫০০ কিলোগ্রাম মধ্যম তরঙ্গ ট্রান্সমিটার (মডেল নং PB-1000C) যেখানে যে অবস্থায় আছে নিলাম দরপত্রের মাধ্যমে বিক্রয় করা হবে। আগ্রহী ক্রেতাগণকে নিলাম দরপত্রে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

নিলাম দরপত্রের শর্তাবলি নিম্নরূপঃ

- ১। আগ্রহী ক্রেতাগণ নিলাম দরপত্র দাখিলের পূর্বে ট্রান্সমিটার সরেজমিনে দেখে নিতে পারবেন। সরকারী ছুটির দিন ব্যতীত শুধুমাত্র অফিস চলাকালীন সময়ে সরেজমিনে পরিদর্শন করতে পারবেন।
- ২। সিডিউল প্রাপ্তির স্থানঃ
  - (ক) সিনিয়র প্রকৌশলী, সংরক্ষণ অনুবিভাগ, বাংলাদেশ বেতার, প্রশাসন ভবন, (২য় তলা) আগারগাঁও, ঢাকা।
  - (খ) আবাসিক প্রকৌশলী, উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১, বাংলাদেশ বেতার, সাভার, ঢাকা।
  - (গ) সিনিয়র প্রকৌশলী, মহাশক্তি প্রেরণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ধামরাই, ঢাকা।
- ৩। সিডিউল মূল্যঃ প্রতি সেট ২০০০/- (দুই হাজার) টাকা (অফেরতযোগ্য) কমিটির নিকট জমা দিয়ে রশিদ গ্রহণ করে সিডিউল ক্রয় করতে হবে।
- ৪। সিডিউল বিক্রয়ঃ ২০-০৫-২০১৮খ্রি: তারিখ থেকে ২৫-০৬-২০১৮খ্রি: তারিখ দপ্তর চলাকালীন সময় পর্যন্ত।
- ৫। দরপ্রস্তাব জমাদানের তারিখঃ ২১-০৫-২০১৮খ্রি: তারিখ থেকে ২৬-০৬-২০১৮খ্রি: তারিখ বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত।
- ৬। দরপ্রস্তাব জমাদানের স্থানঃ
  - (ক) সিনিয়র প্রকৌশলী, সংরক্ষণ অনুবিভাগ, বাংলাদেশ বেতার, প্রশাসন ভবন, (২য় তলা) আগারগাঁও, ঢাকা।
  - (খ) আবাসিক প্রকৌশলী, উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১, বাংলাদেশ বেতার, সাভার, ঢাকা।
  - (গ) সিনিয়র প্রকৌশলী, মহাশক্তি প্রেরণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ধামরাই, ঢাকা।
  - (ঘ) দরপ্রস্তাব ই-মেইলে জমা দেয়া যাবে। ই-মেইলে জমা প্রদানের ক্ষেত্রে দরপত্র জামানতের দুই লক্ষ টাকা DDO, NBA, DHAKA, চলতি হিসাব নম্বর ০৪৪২৫৫৩৩০০৩৯৬৭, সোনালী ব্যাংক হোটেল শেরাটন, ঢাকা শাখায় নগদ জমা দিয়ে জমা প্রিপসহ দরপ্রস্তাব ও সংশ্লিষ্ট সকল মূল কাগজপত্র স্ক্যান করে PDF ফর্মে [acespt@betar.gov.bd](mailto:acespt@betar.gov.bd) অথবা [akmk59@yahoo.com](mailto:akmk59@yahoo.com) -এ ই-মেইলে প্রেরণ করা যাবে।
- ৭। ডাকযোগে প্রেরিত দরপত্র গ্রহণ করা হবে। তবে জমা দানের শেষ সময়ের পর প্রাপ্ত দরপত্র গ্রহণযোগ্য নয় (নিলামে অংশগ্রহণকারীদের মধ্যে যারা ডাকযোগে দরপত্র প্রেরণ করবেন তাঁদেরকে জমা দানের শেষ সময়ের পূর্বেই প্রাপ্তি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো)। ডাক/কুরিয়ার সার্ভিস এর অবহেলার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
- ৮। দরপত্র খোলার তারিখঃ ২৬-০৬-২০১৮খ্রি: তারিখ বেলা ১৪:৩০ ঘটিকা।
- ৯। যে কোন সিডিউল ব্যাংক থেকে দরপত্র জামানত স্বরূপ অতিরিক্ত প্রধান প্রকৌশলী, মহাশক্তি প্রেরণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ধামরাই, ঢাকা বরাবর ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (ফেরতযোগ্য) দরপত্রের সাথে দাখিল করতে হবে।
- ১০। সর্বোচ্চ দরের ভিত্তিতে নিলাম দরপ্রস্তাব গ্রহণ করা হবে। উদ্ধৃত মূল্যের উপর আয়কর ও ভ্যাট বাবদ যথাক্রমে ৫% ও ৪% মোট ৯% হারে নগদ উদ্ধৃত মূল্যসহ জমা দিতে হবে।
- ১২। কোন কারণে সর্বোচ্চ দরপ্রস্তাবকারী মালামাল নিতে ব্যর্থ হলে তাঁর জামানত বাজেয়াপ্ত হবে এবং ২য়, ৩য় এভাবে পর্যায়ক্রমে দরপ্রস্তাবকারীদের আহ্বান করা হবে। এভাবে আহ্বানের পর মালামাল নিতে ব্যর্থ হলে পর্যায়ক্রমে দরপত্র জামানত বাজেয়াপ্ত করা হবে। সফল নির্বাচিত দরপ্রস্তাবকারী কর্তৃক মূল্য পরিশোধের পর সকল বাজেয়াপ্ত দরপত্র জামানত ব্যতীত দরপ্রস্তাবকারীগণের দরপত্র জামানত ফেরত দেয়া হবে।
- ১৩। দরপ্রস্তাব গ্রহণের পত্র প্রাপ্তির পর ০৭ কার্য দিবসের মধ্যে সম্পূর্ণ টাকা পরিশোধ করা হলে মালামাল নিয়ে যাওয়ার জন্য কার্যাদেশ প্রদান করা হবে। উক্ত সময়ের মধ্যে মালামাল নিতে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্ত বলে গণ্য হবে।
- ১৪। কর্তৃপক্ষ কোনরকম কারণ দর্শানো ছাড়াই নিলাম গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।



(মোঃ বিল্লাল হোসেন)

সিনিয়র প্রকৌশলী

ফোন: ০২-৭৭৩০১৮১